স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

হল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই চৈত্র বুধবার ১৩৭০ ইংরাজী 1st April. 1964 { ৪২শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seaur 1

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62356/07.57

**খাস জনতা**

কেরোসিন কুকার

স্বভাবে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M. 15.03

**অমিয় মেডিক্যাল কোম্পানী, অরঙ্গাবাদ**

সুবিধা দরে ঔষধ পাইবার একমাত্র প্রতিষ্ঠান। বিঃ দ্রঃ—জঙ্গিপুর মহকুমার খ্যাতনামা চিকিৎসক ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়, এম-বি-বি-এস, ডি-টি-এম (কলিঃ), ডি-জি-ও (ডবলিন), ডি-ও (লণ্ডন) প্রতি বুধবার আমাদের ফার্ম্মেসীতে আসিয়া রোগী দেখিয়া থাকেন। জিয়াগঞ্জ মহিলা হাসপাতালের যাবতীয় ঔষধ পাইবেন।

বিনীত—অমিয়কুমার দাস।

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে
জনপ্রিয় প্রতিষ্ঠান **ষ্টুডেন্টস্-ফেভারিট**-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই চৈত্র বুধবার সন ১৩৭০ সাল।

## রাজ্যপালের অপসারণ দাবি

### রাষ্ট্রপতির নিকট ফরওয়ার্ড ব্লক নেতা শ্রীহেমন্তকুমার বসুর পত্র

অসঙ্গতভাবে রাজ্য বিধানমণ্ডলীর চলতি অধিবেশন বন্ধ করিয়া দেওয়ায় ফরওয়ার্ড ব্লক নেতা শ্রীহেমন্তকুমার বসু এম-এল-এ, তাঁহার দলের পক্ষ হইতে রাষ্ট্রপতির নিকট পঃ বঙ্গের রাজ্যপালের বিরুদ্ধে অভিযোগ জানাইয়াছেন এবং অবিলম্বে শ্রীমতী নাইডুর অপসারণ দাবি করিয়াছেন। রাজ্য বিধানসভায় ফরওয়ার্ড ব্লকের সদস্য সংখ্যা ১৩ এবং বিধান পরিষদে ২। রবিবার রাষ্ট্রপতি ডঃ রাধাকৃষ্ণনের নিকট লিখিত এক দীর্ঘ পত্রের উপসংহারে শ্রীবসু বলিয়াছেন হঠাৎ এইভাবে বিধানসভা বন্ধ করিবার মত কোন কারণ ঘটে নাই। পূর্ব্ব পাকিস্তানের আগত উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসন পঃ বঙ্গে সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতি রক্ষা, পাকিস্তানের গুপ্তচরদের হাত হইতে রাজ্যের নিরাপত্তা রক্ষা, ভূদেব সেনের মৃত্যু সম্পর্কে বিচার বিভাগীয় তদন্তের দাবি প্রভৃতি বিষয়ে সরকারের নীতি সম্পর্কে বিরোধী দল অত্যন্ত বিরূপ সমালোচনা করিতেছিলেন। এরূপ ভাবিবার সঙ্গত কারণ আছে যে, এই সকল সমালোচনা বন্ধ করিবার জন্যই মন্ত্রী পরিষদ রাজ্যপালের ক্ষমতার সাহায্যে বিধানসভার অধিবেশন বন্ধ করিয়া দিয়াছে। রাজ্যপাল তাঁহার ক্ষমতা সরকারী দলের স্বার্থে এবং সুবিধার্থে ব্যবহার করিয়াছেন।

শ্রীবসু তাই রাষ্ট্রপতিকে অনুরোধ করিয়াছেন রাষ্ট্রের প্রধানরূপে সংবিধানের ১৫৬ (১) ধারা অনুসারে আপনি পঃ বঙ্গের রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডুকে তাঁহার অসঙ্গত কার্য্যের জন্য রাজ্যপালের পদ হইতে অপসারণ করণ এবং দেশের সংসদীয় গণতন্ত্রের ধারাকে রক্ষা করণ। ফরওয়ার্ড ব্লকের রাজ্য দপ্তর হইতে জানান যাইতেছে যে, দুইখানি পৃথক পত্রে শ্রীবসু রাজ্যপাল শ্রীমতী নাইডু ও মুখ্যমন্ত্রী শ্রী সেনকেও তাঁহাদের কাজের জন্য তীব্র সমালোচনা করিয়াছেন।

---

## বাঙ্গালী মেয়ে স্বর্গীয়া সরোজিনী নাইডুর স্পষ্ট ভাষণ

পশ্চিম বঙ্গের রাজ্যপাল মাননীয়া শ্রীমতী পদ্মজা নাইডু মহোদয়ার মাতৃদেবী সরোজিনী নাইডুর স্পষ্ট কথা বাঙ্গালী হৃদয় হইতে এখনও মুছিয়া যায় নাই। মহাত্মা গান্ধী যখন সাধারণ লোকের মত তৃতীয় শ্রেণীর রেলগাড়ীতে গতায়াত করিতেন তখনকার শ্রীমতী সরোজিনী নাইডু মহাত্মার জন্য নির্দ্দিষ্ট তৃতীয় শ্রেণীর সুসজ্জিত গাড়ী দেখিয়া স্পষ্ট ভাষায় বলিয়াছিলেন—

"To keep up the poverty of Mahatma Gandhi, we have to spend much."

---

## দাতব্য ঔষধ বাহিরে বিক্রয়ের ব্যবস্থা

সহযোগী মুর্শিদাবাদ পত্রিকায় প্রকাশ—জঙ্গিপুর মহকুমায় দফাহাট মৌজায় অরঙ্গাবাদ সাবসিডিয়ারী হেলথ সেণ্টার নামে একটি দাতব্য চিকিৎসালয় আছে। দুঃস্থ যক্ষ্মা রোগাক্রান্ত ব্যক্তির জন্য দাতব্য ঔষধ অত্রত্য বাহিরের একটি ঔষধের দোকানে কমমূল্যে বিক্রয়ের চেষ্টার অভিযোগে একব্যক্তি গ্রেপ্তার হইয়াছে। ঘটনার বিবরণে জানা যায় যে ঘটনার দিন উক্ত ব্যক্তি স্থানীয় একটি ঔষধের দোকানে উক্ত হেলথ সেণ্টারের শীলমোহর যুক্ত এক শিশি প্লাসমোডিয়াম বিক্রয় করিতে আসে। দোকানের মালিক দাম কম বলায় বিক্রেতা চলিয়া যাইতে উদ্যত হইলে মালিক ঐ দামেই ক্রয় করিতে ইচ্ছা প্রকাশ করিয়া টাকা ধার করিয়া আনিবার অছিলায় বাহিরে গিয়া বর্ডার সুবেদারের নিকট একজনকে পাঠাইয়া দেন। বর্ডার সুবেদার উপস্থিত হইলে লোকটি পালাইবার চেষ্টা করে বটে কিন্তু সমবেত চেষ্টায় ধরা পড়ে।

স্থানীয় সংবাদে আরও প্রকাশ—দুঃস্থ টি, বি রোগাক্রান্ত ব্যক্তিদের প্রায়ই ঔষধ নাই বলিয়া উক্ত হেলথ সেণ্টার বিমুখ করিয়া দেয়।

**ইহাকেই বলে ঘর ঘর বিরাজে রাম।**

---

## মদিরা-মাহাত্ম্য

( পজ্ঝটিকা )

দেবি! সুরেশ্বরি! বোতল-বাসে
ভূতলশায়ী কর নিজ দাসে,
নর্দ্দম-কর্দ্দম-লিপ্ত শরীরে,
কাপুরুষাধম কর কত বীরে।
কণ্ঠে পরিহিত যজ্ঞীয় সূত্র,
শৌণ্ডিক-গৃহ-গত ব্রাহ্মণ-পুত্র।
গমনে নানা মতলব গুপ্ত,
নির্গম সময়ে জ্ঞান বিলুপ্ত।
কভু গত ডানে, কভু গত বামে
নর্ত্তন-কুর্দ্দন বঙ্কিম ঠামে,
পতনোত্থানে কত শত রঙ্গে,
রক্তারক্তি যে বিক্ষত অঙ্গে।
ক্রমশঃ বর্দ্ধিত পানাসক্তি,
পানে পুষ্ঠিত বক্তার শক্তি,
অর্থ-বিবর্জ্জিত প্রলাপ-বাক্য
রক্তিম রাগে কুটিল কটাক্ষ।
অপ্রিয় গন্ধে অপ্রিয় বদনে,
গমনে শঙ্কা গুরুজন-সদনে,
অবিরল রহিবে পিছনে হটিয়া,
সুমধুর বাক্যে উঠিবে চটিয়া।
তরু-তল-গত কর কতই গৃহস্থে,
লাঞ্ছিত পুলিস-কুলীশ-হস্তে,
মুন্সীপালে ভালে শাস্তি,—
স্পর্দ্ধা "হম্‌সে দীগর নাস্তি।"
ইয়ার-বান্ধব জুটিয়া পুটিয়া,
সঞ্চিত বঞ্চিত কর়য়ে লুটিয়া।
লণ্ড ভণ্ড সব শিক্ষা-দীক্ষা,
শেষে ভাগ্যে চাউল ভিক্ষা।
মায়া বিরহিত দারা-পুত্রে,
শায়িত সদাই পুরীষ-মূত্রে।
বর্ণিল তব গুণ ত্রাসে ত্রাসে,
ও রস-সঞ্চিত-বঞ্চিত দাসে।

## নোটিশ

১৯৪০ সালের বংগীয় মোটর যান নিয়মাবলীর ৫৭নং নিয়মের উপনিয়ম (খ) এর সহিত পঠিত ১৯৩৯ সালের ভারতীয় মোটর যান আইন ( ১৯৩৯ সালের ৪নং আইন ) এর ৫৭নং ধারার অনুসরণে সাধারণের অবগতির জন্য জানান হইতেছে যে (১) লালগোলা হইয়া বহরমপুর—জঙ্গীপুর রুটে একটি বাস চালাইবার পারমিটের জন্য ১৮টি দরখাস্ত, (২) কুলি হইয়া কান্দি—জয়পুর রুটে একটী বাস চালাইবার পারমিটের জন্য ১৬টি দরখাস্ত, (৩) কুলি হইয়া কান্দি—সাঁকোঘাট রুটে একটি বাস পারমিটের জন্য ১৫টি দরখাস্ত, (৪) কান্দি ও কুলি হইয়া রাধারঘাট—বেলগ্রাম রুটে একটি বাস পারমিটের জন্য ২০টি দরখাস্ত এবং (৫) নিমা ডাকবাংলো হইয়া কান্দি—পাচুটি রুটে একটি বাস পারমিটের জন্য ৮টি দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে গৃহীত হইয়াছে। দরখাস্তকারীদের নাম ও ঠিকানাসহ দরখাস্তগুলির তালিকা ২০।৩।৬৪ তারিখ হইতে মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। উপরোক্ত পারমিট প্রদানের ব্যাপারে কোনও আর্জি থাকিলে তাহা ২৬।৪।৬৪ তারিখ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক বিবেচনার্থ গৃহীত হইবে। উপরোক্ত তারিখের মধ্যে উপরোক্ত রুটগুলির প্রত্যেকটির জন্য পৃথকভাবে আর্জি দাখিল করিতে হইবে। উপরোক্ত দরখাস্তগুলি এবং কোনও আর্জি থাকিলে তাহা ১৩।৫।৬৪ তারিখে বেলা আড়াইটার সময় বহরমপুর কালেক্টরেট ভবনে জেলা শাসকের কক্ষে মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন প্রাধিকারের সভায় বিবেচিত হইবে। স্বাঃ এম, সি. দত্ত, সেক্রেটারি, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

**W**anted a full time clerk to join immediately and an experienced Arts Graduate teacher to join from May '64 for the Gobindapur Jr. High School. Apply to Secy. on or before 12th April '64.

### চরম সৌন্দর্য্য প্রতিযোগিতা

# পশ্চিম বাঙলার মিস্-ফরচুন



সব রূপসীর চরম রূপ



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল পঞ্চায়েৎ**, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪১৬৬



★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ



জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)